গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া, পাবনা ।
www.bera.pabna.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৭৬১৬.০০০.০৪২.০৪৫.২০২৩- ১৩৮ তারিখ : ০৬ ফেব্রুয়ার ২০২৩ খ্রি.

# ১৪৩০বঙ্গাব্দের জন্য ভারেঙ্গা খেয়াঘাট ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানান যাচ্ছে যে, এ উপজেলাধীন উপজেলা পরিষদের ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত ভারেঙ্গা খেয়া ঘাট ১৪৩০ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা গ্রহণে ইচ্ছুক পেশাদার পাটনীদের নিকট থেকে দর উল্লেখপূর্বক সাদা কাগজে/ প্রতিষ্ঠানের প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত দিনপঞ্জিকা মোতাবেক দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি),বেড়া, পাবনা ও জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র সমূহ দাখিল করা যাবে। দরপত্র খোলার নির্দিষ্ট দিন ও সময়ে দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। উল্লেখ্য যে, ১ম বারে কাঙ্খিত দর সরকারী মূল্যের চেয়ে কম হলে অথবা কমিটি কর্তৃক সিদ্ধান্ত না হলে পর্যায়ক্রমে টেন্ডারের সন্তোষজনক দর না পাওয়া পর্যন্ত 'খ' তফসিলে বর্ণিত দিনপঞ্জিকায় উল্লেখিত তারিখ সমূহে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

## ১৪৩০বঙ্গাব্দের জন্য ভারেঙ্গা খেয়াঘাট ইজারার সরকারি মূল্য নির্ধারণ:

| ক্রমিক নম্বর | খেয়া ঘাটের নাম | ১৪২৯ বাংলা সনের ইজারা মূল্য | ১৪৩০ বাংলা সনের সরকারি মূল্য |
|---|---|---|---|
| ১ | ভারেঙ্গা খেয়া ঘাট | ১৬,৯০,০০০/- | ১৬,৮২,২৬৬/- |

দরপত্র ক্রয়,দাখিল ও খোলার দিন পঞ্জিকা "খ" তফসিল

| পর্যায় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | দরপত্র কমিটির সভার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৩/০৩/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ টা | ১৩/০৩/২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ টা। | ১৩/০৩/২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ টা। |
| ২য় পর্যায় | ২০/০৩/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০ টা | ২০/০৩/২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ টা। | ২০/০৩/২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ টা। |
| ৩য় পর্যায় | ২৮/০৩/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০টা | ২৮/০৩/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ টা। | ২৮/০৩/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ টা। |
| ৪র্থ পর্যায় | ০৫/০৪/২০২৩ খ্রিঃদুপুর ১.০০ টা | ০৫/০৪/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ টা। | ০৫/০৪/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ টা। |
| ৫ম পর্যায় | ১৩/০৪/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০টা | ১৩/০৪/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ টা। | ১৩/০৪/২০২৩ খ্রিঃ বিকাল ৪.০০ টা। |

## ১৪৩০ বাংলা সনের খেয়াঘাট ইজারার শর্তাবলী:

১. বাংলা ১৪৩০ সালের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০শে চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য খেয়াঘাট ইজারা দেয়া হবে।

২. দরদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে দরপত্রের সংগে অবশ্যই বিডি/ সিডির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,বেড়া, পাবনা এর অনুকূলে জমা দিতে হবে।

৩. সর্বোচ্চ দরদাতার দর গৃহিত হয়েছে এ মর্মে অবহিত হলে পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট টাকা জমা দিতে হবে। অন্যাথায় ইজারা বাতিল বলে গণ্য হবে এবং জামানত হিসাবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে।

৪. ইজারা মূল্যের ১০% আয়কর হিসাবে কোড নং ১/১১৪১/০০৬০/০১১১ এ এবং ১৫% ভ্যাট (মূল্যসংযোজন কর) মুসক কোড নং ১/১১৩৩/০০২০/০৩১১ এ ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক বেড়া শাখায় জমা দিয়ে চালানের মূলকপি এ কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় ডিসিআর/ দখলনামা প্রদান করা হবে না।

৫. শুধুমাত্র পেশাদার পাটনীগণই দরপত্র দাখিল করতে পারবেন। পেশাদার পাটনী হিসেবে সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানের নিকট হতে সনদপত্র সংযোজিত করতে হবে।

৬. ইজারাকৃত ঘাট অন্যের নিকট হস্তান্তর(সাবলীজ) দেয়া যাবে না। অন্যাথায় বন্দোবস্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করাসহ সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

৭. সর্বোচ্চ দরদাতার দরপত্র কর্তৃপক্ষ গ্রহণে বাধ্য নহে এবং দরপত্র গৃহিত না হলে বা কোন দরপত্র পাওয়া না গেলে ক্রমাগতভাবে পরবর্তী ধার্য তারিখে দরপত্র ক্রয় বা দাখিল করা যাবে।

৮. দরপত্র ফরম পূরণ করতে কোন কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না। উদ্বৃত দর স্পষ্টভাবে অংকে এবং কথায় লিখতে হবে।

৯. দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারীভাবে অন্য কোন আইন, বিধি, পরিপত্র, চুক্তিপত্র ইত্যাদিতে উল্লিখিত আছে, সে সকল আইন-বিধি, আদেশ, বিধান ও শর্তবলী ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১০. যে কোন দরপত্র কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই গ্রহণ ও বাতিলের ক্ষমতা রাখেন এবং যে কোন শর্ত ও অতিরিক্ত শর্ত ভংগ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৬/০২/২০২৩
(মোহাঃ সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা।

ফোন: ০২-৫৮৮৮৪৮০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া, পাবনা ।

স্মারক নং ০৫.৪৩.৭৬১৬.০০০.০৪২.০৪৫.২০২৩-১৭৮(২০)

তারিখ : ০৬ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে-ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, পাবনা।
২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), পাবনা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেড়া, পাবনা।
৪। মেয়র, বেড়া পৌরসভা, বেড়া, পাবনা।
৫। উপজেলা নির্বাহী অফিসার,.......................................................(সকল),পাবনা।
৬। সহকারী কমিশনার(ভূমি), বেড়া, পাবনা।
৭। উপজেলা...........................................................................,বেড়া, পাবনা। নোটিশ বোর্ডে টাংগানোর জন্য।
৮। সহকারী প্রোগ্রামার, বেড়া, পাবনা। বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ।
৯। চেয়ারম্যান,............................................................ইউ.পি (সকল), বেড়া, পাবনা। তাঁকে ঢোল সহরতের মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..................................................ইউনিয়ন ভূমি অফিস, বেড়া, পাবনা। তাঁকে ঢোল সহরতের মাধ্যমে দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব.........................................................................., পিং.............................................................,
সাং............................................................., ডাকঘর.......................................................পাবনা (প্রাক্তন ইজারাদার)।

০৬|০২|২০২৩
(মোহা: সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা।
ফোন: ০২-৫৮৮৮৪৮০০৩